শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

# জেলা পরিষদ, কুমিল্লা।

(www.comillazp.gov.bd)

স্মারক নং ৪৬.২০.৪৬.০০.০০১.১১.০১৫.২০২১-১৮ তারিখঃ ১৮-০১-২০২২খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ অধিশাখা) এর ০২-১১-২০২১খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭.২২৮৩ নং স্মারকে মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত ছাড়পত্রের প্রেক্ষিতে কুমিল্লা জেলা পরিষদের নিম্নবর্ণিত শূন্য পদ ২০১৫ সনের জাতীয় বেতন স্কেলে এবং " জেলা পরিষদ চাকুরী বিধিমালা ১৯৯০" এর নিয়োগ বিধি মোতাবেক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | সাঁটলিপিকার | ০১(এক) | ১১০০০-২৬৫৯০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫, গ্রেড -১৩) | ১৮-৩০ বছর | উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ ইংরেজিতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে। |
| ২। | উচ্চমান সহকারী | ০১(এক) | ১০২০০-২৪৬৮০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫, গ্রেড -১৪) | ১৮-৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী এবং দাপ্তরিক চিঠিপত্র লিখন কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | নিম্নমান সহাকারী-কাম-মুদ্রাক্ষরিক /কম্পিউটার অপারেটর | ০১(এক) | ৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫, গ্রেড -১৬) | ১৮-৩০ বছর | উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজি প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে। |
| ৪। | বার্তাবাহক | ০১(এক) | ৮২৫০-২০০১০/- ((জাতীয় বেতন স্কেল-২০১৫, গ্রেড -২০) | ১৮-৩০ বছর | অষ্টম শ্রেণি পাশ |
| ৫। | প্রহরী | ০১(এক) | ৮২৫০-২০০১০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫, গ্রেড -২০) | ১৮-৩০ বছর | অষ্টম শ্রেণি পাশ |

( চলমান)

শর্তাবলীঃ

১। আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

২। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১ (এক) পাতার চাকরি আবেদন ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম জেলা পরিষদ, কুমিল্লার ওয়েব সাইট (**www.comillazp.gov.bd**) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (**www.mopa.gov.bd**) বা (**www.forms.gov.bd**) এ পাওয়া যাবে।

৩। আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লার বরাবরে আগামী ১৭-০২-২০২২খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে /সরাসরি জেলা পরিষদ, কুমিল্লা কার্যালয়ে পৌঁছাতে হবে।

৪। আবেদনকারীর বয়স ১৭-০২-২০২২খ্রিঃ তারিখ ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/ কণ্যা/ নাতি/নাতনি এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য। তবে তাদের দরখাস্তের সাথে আবশ্যই প্রমাণ স্বরূপ পিতা / মাতার মুক্তিযোদ্ধা সনদপত্র (মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত ) ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে (সমাজ সেবা কার্যালয় কর্তৃক ইস্যুকৃত) সনদ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের উপর মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধী কথাটি লিখতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র ও ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শণ করতে হবে।

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের ছবি ।

গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

চ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লার অনুকূলে ০১নং -০৩নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ও ০৪নং-০৫নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে অর্ডার সংযুক্ত করতে হবে।

ছ) অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬। অসম্পূর্ণ/ ত্রুটিযুক্ত/ নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭। সরকার কর্তৃক সময় সময় জারিকৃত কোটা সম্পর্কিত নির্দেশনাবলী অনুসরণ করা হবে।

৮। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে ১০/- (দশ) টাকা মূল্যের ডাকটিকেট (অব্যবহৃত) সহ নাম ঠিকানা সম্বলিত ১০.৫X ৪.৫ সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৯। খামের উপর প্রার্থীত পদের নাম ও জেলা উল্লেখ করতে হবে।

১০। সরকারি , আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সমূহে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা শিথিলযোগ্য।

১২। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক আবেদনপত্র গ্রহণ/বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৩। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।

১৪। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টি,এ /ডি,এ প্রদান করা হবে না।

১৫। চাকুরীর শর্তাবলী বেতন ভাতা/ সুযোগ সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন-২০০০ এবং স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা/কর্মচারী চাকুরী বিধিমালা,১৯৯০ এবং সরকার কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।

১৬। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম শর্ত।

১৭। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়া যেকোন সময় স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮। আবেদনপত্রের কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।


(মোঃ হেলাল উদ্দিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুমিল্লা।
ফোন ঃ ০৮১-৭২৫৭৭
Email: comillazp@gmail.com

স্মারক নংঃ ৪৬.২০.৪৬.০০.০০১.১১.০১৫.২০২১-১৮/৪(১) তারিখ ঃ ১৮-১-২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। সিনিয়র সচিব,
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৪। চেয়ারম্যান জেলা পরিষদ, কুমিল্লা।

১৮/০১/2022

**প্রধান নির্বাহী কর্মকর্তা**
**জেলা পরিষদ, কুমিল্লা।**

স্মারক নংঃ ৪৬.২০.৪৬.০০.০০১.১১.০১৫.২০২১-১৮(১০০) তারিখ ঃ ১৮-০১-২০২২খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, কুমিল্লা।

২। পুলিশ সুপার , কুমিল্লা।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,............................................................(সকল)।

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, কুমিল্লা।

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

৬। সিভিল সার্জন, কুমিল্লা।

৭। নির্বাহী প্রকৌশলী, এল, জি,ই,ডি/ সড়ক ও জনপথ বিভাগ/ গণপূর্ত বিভাগ/ পানি উন্নয়ন বোর্ড/ জনস্বাস্থ্য বিভাগ, কুমিল্লা।

৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা,.....................................................................(সকল), কুমিল্লা।

৯। জেলা শিক্ষা কর্মকর্তা, কুমিল্লা।

১০। জেলা তথ্য অফিসার, কুমিল্লা।

১১। সম্পাদক, দৈনিক **প্রথম আলো,** ঢাকা, সম্পাদক, দৈনিক **আওয়ার টাইম,** ঢাকা, দৈনিক **কুমিল্লার কাগজ,** কুমিল্লা ও দৈনিক **রুপসী বাংলা, কুমিল্লা** (তাঁকে ২১-১-২০২২খ্রিঃ তারিখের পূর্বে ০১(এক)টি সংখ্যায় উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি ০৪ কলামে ১৪ ইঞ্চি সাইজে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

১২। নোটিশ বোর্ড।

১৮/০১/2022

**প্রধান নির্বাহী কর্মকর্তা**
**জেলা পরিষদ, কুমিল্লা।**